আজকের কাগজ

তারিখ 09 MAR 1992
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 4 ...

203

ঢাকা বিশ্ববিদ্যালয় ঃ

# ছাত্র লীগের আত্মঘাতী সংঘর্ষ ।। ব্যাপক রণপ্রস্তুতি ।। পরিস্থিতি বিস্ফোরণোন্মুখ

**কাগজ প্রতিবেদক** ঃ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস পরিস্থিতির আবারো অবনতি ঘটেছে। গতকাল দুপুর সাড়ে ১২ টায় কলা ভবন এলাকায় যুব নেতা মোস্তফা মহসীন মন্টুর বহিষ্কারাদেশকে কেন্দ্র করে ছাত্রলীগ (আ-অ)-এর দু'গ্রুপের মধ্যে প্রায় ২০ রাউন্ড গুলি বিনিময় হয়। এই আত্মঘাতী সংঘর্ষে ১০ মিনিটব্যাপী ধাওয়া-পাল্টা ধাওয়াসহ দু'পক্ষকে ইট-পাটকেল ছুঁড়তে দেখা যায়। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ কমপক্ষে ২০ রাউন্ড টিয়ারগ্যাস নিক্ষেপ করেছে।

জানা গেছে, ছাত্রলীগ নেতা কামরুজ্জামান আনসারী মধুর কেন্টিনের সামনে বক্তব্য রাখার সময় লেকচার থিয়েটার থেকে একটি সশস্ত্র গ্রুপ গুলিবর্ষণ করতে করতে সমাবেশের দিকে আসতে থাকে। তারা সমাবেশ লক্ষ্য করে ইট-পাটকেলও নিক্ষেপ করে। এতে কামরুজ্জামান আনসারী সামান্য আহত হয়। এ সময় ক্যাম্পাসে ছাত্র-ছাত্রীদের মধ্যে ভীতি ছড়িয়ে পড়ে। অনেকেই প্রাণভয়ে নিরাপদ আশ্রয়ের খোঁজে দৌড়ে পালাতে দেখা গেছে।

এদিকে ক্যাম্পাস পরিস্থিতি এখন বিস্ফোরণোন্মুখ। আবাসিক হলগুলোতে অবৈধ ও বহিরাগত অস্ত্রধারীরা নির্দ্বিধায় অবস্থান করছে। একটি সূত্রে জানা গেছে, ছাত্রলীগ নেতা বাদল হত্যাকান্ডের সঙ্গে জড়িত ও ছাত্রলীগ থেকে বহিষ্কৃত কর্মীরা ছাত্রদলের আশ্রয়ে শহীদুল্লাহ্ হল, সূর্যসেন হল, মহসীন হল, জিয়া হল এবং মুজিব হলে অবস্থান করছে। এই বহিষ্কৃত অংশ ছাত্রলীগ (শা-অ) নিয়ন্ত্রিত জগন্নাথ হল, এসএম হল ও জহুরুল হক হলে আক্রমণ চালাতে পারে। এই লক্ষ্যে তারা ব্যাপক রণপ্রস্তুতি নিচ্ছে বলেও জানা গেছে। ছাত্রলীগ থেকে বহিষ্কৃত এসব নেতা-কর্মীরা ছাত্রদলে যোগ দিয়েছে বলেও জানা গেছে।

ক্যাম্পাসে প্রতিদিন বিচ্ছিন্ন সংঘর্ষ চললেও আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীকে তেমন কোনো ভূমিকা নিতে দেখা যাচ্ছে না। হল প্রশাসন এসব অবৈধ অবস্থানকারীদের বিরুদ্ধে কোনো পদক্ষেপ নিতে পারছেন না। ছাত্ররা অভিযোগ করছে, আবাসিক শিক্ষকরা যথাযথ দায়িত্ব পালন না করার ফলেই হলগুলো অবৈধ বসবাসকারীদের নিরাপদ আশ্রয়ে পরিণত হয়েছে।